

অংক পরীক্ষা : ২৫ শিক্ষকসহ দেড় সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত

● ১৬ ছাত্র ও ৫ শিক্ষক শ্রেফতার

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও দাখিলের অংক পরীক্ষায় সারাদেশে দেড় সহস্রাধিক পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে। এতে সহস্রাধিক ও দায়িত্বে অবহেলার অভিযোগে শিক্ষক বহিষ্কৃত হয়েছেন ২৫ জন। বহিষ্কারের পাশাপাশি ১৬ জন পরীক্ষার্থীকে এবং ৫ জন শিক্ষককে শ্রেফতার করা হয়েছে। শিক্ষা প্র

ইক মিলন বরগনার বেতাগী কলন মোকামিয়া আলীয়া মাদ্রাসা কেন্দ্রে পরিদর্শনকালে নকলের দায়ে ৬ পরীক্ষার্থী ও এতে সহায়তাকারী ৫ শিক্ষককে বহিষ্কার করেন। পুলিশ ওই কেন্দ্রের সচিব মাহমুদুল হাসানসহ ৩ শিক্ষক ও ৫ অংক : পৃষ্ঠা : ৭ কলাম : ৫

অংক : বহিষ্কৃত (শেষ পৃষ্ঠার পর)

পরীক্ষার্থীকে শ্রেফতার করে। এদিকে কুমিল্লার আমড়াতলী হাইস্কুল কেন্দ্রে পুলিশ দুই শিক্ষক ও এক ছাত্রকে শ্রেফতার করে। রংপুরের পীরগঞ্জে নকল সরবরাহকারীদের সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টাধাওয়া হয়। পরীক্ষার্থীদের কাছে অংক কঠিন বিষয় বলে তাদের মাঝে নকল প্রবণতাও গতকাল বেশি ছিল। অন্যদিকে প্রশাসন ও পরিদর্শকদের কঠোরতার কারণে বহিষ্কারের সংখ্যা পরীক্ষার অষ্টম দিনে আবার বৃদ্ধি পেয়েছে। নকলে শিক্ষকদের সহায়তা ও দায়িত্বে অবহেলার অভিযোগ অন্যান্য দিনের তুলনায় গতকাল বেশ বৃদ্ধি পেয়েছে।

এসএসসির অংক প্রশ্নপত্র কিছুটা কঠিন হয়েছে বলে শিক্ষকরা জানিয়েছেন। গত বছর ঢাকা বোর্ডের অংক প্রশ্ন বেশ কঠিন হয়েছিল। এবারের প্রশ্ন সম্পর্কে গবর্নমেন্ট ম্যাস্টারের ট্রলের অধ্যক্ষ রশিদ উদ্দিন জাহিদ বলেন, বই থেকে প্রশ্ন এলেও অনেক পরীক্ষার্থী সব অংক করতে পারেনি।

বহিষ্কৃত শিক্ষকদের ১৪ জন মাদ্রাসার শিক্ষক। শিক্ষক বহিষ্কারের সংখ্যা বরিশালে ৩, কুমিল্লা ২, কুড়িগ্রাম ২, ঝালকাঠি ২, পীরগঞ্জ ২, গলাচিপা ১, জয়পুরহাট ১, ঢাকা ১, মুন্সীগঞ্জ ১, নেত্রকোনা ২, বাগেরহাট ১, কিশোরগঞ্জ ২, সাতক্ষীরা ২, রংপুর ২ এবং পাবনা ১। নকলের দায়ে বহিষ্কারের পাশাপাশি ময়মনসিংহের নান্দাইলে ৫ জন গফরগাঁওয়ে ৪ জন এবং কুমিল্লায় একজন ছাত্রকে শ্রেফতার করা হয়েছে।

এসএসসিতে পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে সাড়ে ১৩শ'। এছাড়া দাখিলে সাড়ে ৪শ' এবং কারিগরি বোর্ডের ভোকেশনাল এসএসসিতে বহিষ্কার করা হয়েছে।

বোর্ডওয়ারি বহিষ্কৃত পরীক্ষার্থী সংখ্যা- ঢাকা ২০০, রাজশাহী ৬০৫, যশোর ১৪১, কুমিল্লা ১৩২, চট্টগ্রাম ১৩১, বরিশাল ৬৯ এবং সিলেটে ১২ জন।

বিভিন্ন বোর্ডের কন্ট্রোল রুম এবং যুগান্তর প্রতিনিধিদের পাঠানো তথ্য অনুসারে জেলাওয়ারি বহিষ্কারের সংখ্যা ঢাকা ৫, মানিকগঞ্জ ১৬, মুন্সীগঞ্জ ৬, নারায়ণগঞ্জ ৩, নরসিংদী ১২, গাজীপুর ১১, ময়মনসিংহ ২০, কিশোরগঞ্জ ১২, নেত্রকোনা ২৯, জামালপুর ৬৫, টাঙ্গাইল ১৪, ফরিদপুর ৭, মাদারীপুর ৩, শরীয়তপুর ৬, গোপালগঞ্জ ১১, রাজবাড়ী ৪, চট্টগ্রাম ৬৪, কক্সবাজার ১৬, রাঙ্গামাটি ১০, বাগড়াছড়ি ৩১, বান্দরবান ১০, সিলেট ৪, হবিগঞ্জ ৪, মৌলভীবাজার ৩, সুনামগঞ্জ ১, কুমিল্লা ৫১, চাঁদপুর ৭, নোয়াখালী ৪৯, লক্ষ্মীপুর ৫, ফেনী ১৫, ব্রাহ্মণবাড়িয়া ১০, বরিশাল ১৬, বরগনা ৫, ঝালকাঠি ২০, ভোলা ১৪, পিরোজপুর ৫, পটুয়াখালী ৬, রাজশাহী ৬২, চাঁপাইনবাবগঞ্জ ৬, নওগাঁ ৩০, নাটোর ৭, পাবনা ৩৬, জয়পুরহাট ২২, রংপুর ১০২, কুড়িগ্রাম ৫৩, গাইবান্ধা ৯৩, নীলফামারী ৩৯, জামালপুরহাট ১০, দিনাজপুর ৭২, ঠাকুরগাঁও ৪১, পঞ্চগড় ২২, যশোর ৬, সাতক্ষীরা ৫, কুষ্টিয়া ৮১, কুলনা ৬, বাগেরহাট ১১, চুয়াডাঙ্গা ৫, মেহেরপুর ৬, ঝিনাইদহ ৭ এবং মাগুরা ৬ জন।